

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা  
doict.dumuria.khulna.gov.bd

জানুয়ারী/২০২০ মাসে অনুষ্ঠিত ডুমুরিয়া, খুলনার উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোছাঃ শাহনাজ বেগম উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা
সভার তারিখ	২৩-০১-২০২০ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১১:০০টা
স্থান	শহীদ জোবায়েদ আলী মিলনায়তন
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা সংশ্লিষ্ট নথিতে পৃথকভাবে সংরক্ষিত আছে।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে মুজিব বর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন বাংলাদেশের ডিজিটাল কার্যক্রম গতিশীল রাখার জন্য উপজেলা পর্যায়ে নিয়মিত আইসিটি কমিটির সভা করতে হবে এবং সভা থেকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। এই সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য তিনি কমিটির সকলকে অনুরোধ জানান। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ওয়েবপোর্টাল	উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ওয়েবপোর্টালের রিপোর্ট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সকল সরকারি অফিসের ওয়েবপোর্টাল এবং ইউনিয়নের সকল ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ করার জন্য আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে, জাইকার অর্থায়নে দুই তিন দিন করে দুটি গুপে সরকারি কর্মকর্তা, কর্মচারী ও ইউনিয়নের উদ্যোক্তাদের ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষণ প্রদান করা হবে।	১) দুই ওয়েবপোর্টালের উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ২) প্রশিক্ষণের সময় সকল সরকারি অফিস ও ইউনিয়নের ওয়েব পোর্টালসমূহ ১০০% হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান সহকারী প্রোগ্রামার (আইসিটি) উদ্যোক্তা (ইউডিসি)
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	ডুমুরিয়া উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমূহের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবসমূহের সরবরাহকৃত যন্ত্রাংশের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হয়। যেসব অচল ডিভাইসের ওয়ারেন্টি পিরিয়ড শেষ হয়েছে সেগুলো চুক্তি মোতাবেক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের মাধ্যমে মেরামতের বিষয়ে আলোচনা হয়। ল্যাবে প্রশিক্ষণ চালু রাখার বিষয়ে আলোচনা করা হয়।	১) ওয়ারেন্টি পিরিয়ড শেষ হয়েছে এমন অচল ডিভাইসগুলো সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে মেরামত করতে হবে। ২) শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে রুটিন করে বিভিন্ন ব্যাচে শিক্ষার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান

০৩	ব্রডব্যান্ড নেটওয়ার্ক	উপজেলা পর্যায়ের অধিকাংশ সরকারি অফিসের স্থাপিত নেটওয়ার্ক সচল আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। উপজেলার ভিডিও কনফারেন্সের নষ্ট ক্যামেরার বিষয়ে আলোচনা করা হয়। সহকারী প্রোগ্রামার (আইসিটি) বলেন ক্যামেরাটি বিসিসি, ঢাকা থেকে রিপ্লেস করা যাবে।	১) সরকারি সকল ডিজিটাল কার্যক্রম গতিশীল রাখার জন্য সর্বদা নেটওয়ার্ক কানেটিভিটি সচল রাখতে হবে। ২) ভিডিও কনফারেন্সের নষ্ট ক্যামেরাটি বিসিসি, ঢাকা থেকে রিপ্লেস করতে হবে।	সহকারী প্রোগ্রামার (আইসিটি) ও এনটিটিএন অপারেটর
০৪	ইউডিসি	জনগনের দোড়গোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) শক্তিশালীকরণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।  সমাজসেবা অফিস ও মহিলা বিষয়ক অফিসের ভাতাসমূহ ইউডিসি থেকে গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	১) সাধারণ জনগনকে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) থেকে হয়রানিমুক্ত তাৎক্ষণিক সেবা প্রদান করতে হবে।  ২) ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) শক্তিশালীকরণের লক্ষে সকল সরকারি অফিসের যে সকল কার্যক্রম ইউডিসি থেকে করা সম্ভব সেগুলো ইউডিসি থেকে সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান ইউপি চেয়ারম্যান, সচিব উদ্যোক্তা (ইউডিসি)
০৫	ই-নথি	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা শিক্ষা অফিস নথির অনলাইনে থাকায় অফিস ফাইলিং ই-নথির মাধ্যমে করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সংশ্লিষ্ট সকলকে অফিস কার্যক্রম অনলাইন নথিতে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার (আইসিটি)
০৬	মাল্টিমিডিয়া ক্লাসরুম	শ্রেণি শিক্ষাকে শিক্ষার্থীর কাছে সহজবোধ্যভাবে উপস্থাপনের জন্য মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে শাহপুর সরকারি কলেজকে আরও ২টি প্রজেক্টর ক্রয়ের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম বেগমান করতে হবে।	১) শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথ ভাবে চলমান রাখতে হবে।  ২) মাল্টিমিডিয়া ক্লাসরুম যথাযথ ভাবে চলমান আছে কিনা তাহা নিয়মিত তদারকি করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোছাঃ শাহনাজ বেগম

উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৭৩০.০০১.০৬.০০৬.১৯.৪

তারিখ: ৩০ মাঘ ১৪২৬

১৩ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, খুলনা

৫) ....., ডুমুরিয়া, খুলনা



মোঃ শাহাদাত হোসেন

সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা